গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল

পরিচালনা নীতিমালা

(সংশোধিত এবং ১ সেপ্টেম্বর ২০০৪ তারিখে বাংলাদেশ
গেজেটের অতিরিক্ত সংখ্যাং প্রকাশিত)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়দ, ঢাকা।

আগষ্ট ২০০৪

নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল

পরিচালনা নীতিমালা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়দ, ঢাকা।

আগষ্ট ২০০৪

মুখবন্ধ

দেশের পশ্চদপরদ নারী ও শিশুদের মধ্যে নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশুদের অবস্থা খুবই শোচনীয়। তাদের সহায়তা প্রদানের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বিগত ২০০০ সালে নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে। সরকার সামাজিক উন্নয়ন তহবিল খাত হতে স্মারক নং অম/অবি/বা-২/৩-০৯৩৫-৩৪৮৭(২৯)/৯৯-৪৬, তাং ২২-০২-২০০০ ইং মূলে ৫(পাঁচ) কোটি টাকা বরাদ্দ করে। উক্ত অর্থ লাভজনক বিনিয়োগ করে প্রাপ্ত লভ্যাংশ দ্বারা এ তহবিল পরিচালনা করতে হবে।

এ তহবিলের মূল উদ্দেশ্য হলোঃ

- নির্যাতিত ও আর্থিক দুর্দশাগ্রস্ত মহিলা ও শিশুদের চিকিৎসা ও প্রশিক্ষণে সাহায্য করা;
- আয়বর্ধক কর্মসংস্থানের মাধ্যমে পুনর্বাসন ও মামলা মোকদ্দমা পরিচালনা করার জন্য সহায়তা প্রদান করা;
- এসিডসহ অন্য কোন ক্ষতিকারক দাহ্য পদার্থ দ্বারা অথবা অন্য কোনভাবে শারীরিক নির্যাতনে ক্ষতিগ্রস্ত মহিলা ও শিশুদের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান করা;
- পাচারকৃত, অবৈধ কাজে অথবা বাধ্যতামূলক পতিতাবৃত্তিতে নিয়োজিত অথবা সমাজ ও পরিবার কর্তৃক পরিত্যক্ত মহিলা ও শিশুদের উদ্ধারের পর বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ ও আয়বর্ধক কর্মসংস্থানের জন্য আর্থিক সাহায্য প্রদান করা।

২। তহবিলটি কার্যকরভাবে পরিচালনার উদ্দেশ্যে কতিপয় সংশোধনী অনিবার্য হওয়ায় বিগত ২৭ জুন, ২০০৪ তারিখে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্ত অনুযায়ী উহা অন্তর্ভূক্তকরণপূর্বক মূল চেতনা সঠিক রেখে নীতিমালাটি সংশোধন করা হয়।

৩। যদিও এ তহবিলের মাধ্যমে প্রাপ্ত আর্থিক সাহায্যের পরিমাণ নগণ্য বা প্রদত্ত আর্থিক সাহায্য দ্বারা সার্বিকভাবে কাহাকেও পুনর্বাসন করা যাবে না তবুও এই তহবিল হতে প্রাপ্ত অর্থ নির্যাতিত মহিলা ও শিশুর জন্য কিছুটা হলেও সমাজে প্রতিষ্ঠা লাভে সহায়ক হবে বলে আশা করা যায়।

৪। নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনার জন্য প্রণীত এ নীতিমালাটি সংশ্লিষ্ট ক্ষেত্রে কার্যকর ও পথনির্দেশক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। এ নীতিমালা প্রণয়ন, পরিমার্জন ও প্রকাশনায় যে সকল কর্মকর্তা/কর্মচারী এবং ট্রাস্টি বোর্ডের সম্মানিত সদস্যগণ সহায়তা করেছেন তাঁদেরকে জানাই আন্তরিক মোবারকবাদ।

বাংলাদেশ সচিবালয়
ঢাকা
আগস্ট, ২০০৪

(মোঃ মর্তুজা হোসেন মুন্সি)
ভারপ্রাপ্ত সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং মশিবিম/শা-শিশু/তহবিল-৫/২০০১ তারিখঃ ১৭ আগস্ট ২০০৪

পরিপত্র

বিষয়ঃ নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা অনুসরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, সরকার নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনার নীতিমালাটি সংশোধনপূর্বক অনুমোদন করেছে। অনুমোদিত নীতিমালাটি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আবু তাহের)
উপ-সচিব (সেল)
ফোনঃ ৭১৬১৫৭৫।

বিতরণঃ
সদয় জ্ঞাতার্থেঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ...মন্ত্রণালয়/বিভাগ।
৪। বিভাগীয় কমিশনার, ...বিভাগ।
৫। যুগ্ম-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৬। জেলা প্রশাসক, ...জেলা (সকল)
৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

সদয় কার্যার্থেঃ
১। মাননীয় মেয়র,
............................সিটি কর্পোরেশন।
২। ....সদস্য, ট্রাস্টি বোর্ড (সকল)।
৩। ....নির্বাহী পরিষদের সদস্য (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ...উপজেলা (সকল)।
৫। পৌর চেয়ারম্যান, ...পৌরসভা (সকল)।
৬। জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ...জেলা/উপজেলা (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বিষযঃ নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা।

১। **তহবিলের নামঃ**
নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল।

২। **তহবিলের উদ্দেশ্যঃ**

(K) নির্যাতিত, ও আর্থিক দুর্দশাগ্রস্ত মহিলা ও শিশুদের চিকিৎসা, প্রশিক্ষণ, আয়বর্ধক, কর্মসংস্থানের মাধ্যমে পুনর্বাসন ও মামলা মোকদ্দমা পরিচালনার জন্য আর্থিক সাহায্য প্রদান;

(L) এসিডসহ অন্য কোন ক্ষতিকারক দাহ্য পদার্থ দ্বারা অথবা অন্য কোন শারিরীক নির্যাতনে ক্ষতিগ্রস্ত মহিলা ও শিশুদের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান;

(M) পাচারকৃত, অবৈধ কাজে নিয়োগের জন্য বিক্রিত এবং বাধ্যতামূলক পতিতাবৃত্তিতে নিয়োজিত সমাজ ও পরিবার কর্তৃক পরিত্যক্ত মহিলা ও শিশুদের উদ্ধারের পর বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ ও আয়বর্ধক কর্মসংস্থানের জন্য আর্থিক সাহায্য প্রদান;

(N) ভবিষ্যতে সময়ের প্রয়োজনের নিরীখে গৃহীত অন্যান্য কর্মসূচী বাস্তবায়ন।

৩। **তহিবলের উৎসঃ**

(K) সরকারী মঞ্জুরী;

(L) অন্য কোন বৈধ উৎস হতে প্রাপ্ত মঞ্জুরী/অনুদান/সাহায্য।

৪। **বোর্ড অব ট্রাস্টিঃ**

তহবিল পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বোর্ড অব ট্রাস্টি থাকবেঃ

(1)	মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সভাপতি
(2)	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সহসভাপতি
(3)	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা	সদস্য
(4)	যুগ্ম-সচিব(সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	ঐ
(5)	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(6)	অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(7)	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(8)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(9)	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(10)	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(11)	মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	ঐ
(১২)	পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী,	সদস্য
(১৩)	এনজিও বিষয়ক ব্যুরোর প্রতিনিধি	ঐ
(১৪)	স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি (৩জন)	ঐ
(১৫)	স্বেচ্ছাসেবী শিশু সংগঠনের প্রতিনিধি (৩জন)	ঐ
(১৬)	উপ-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য-সচিব

স্বেচ্ছাসেবী মহিলা ও শিশু সংগঠনের প্রতিনিধিগণকে মনোনয়নের তারিখ থেকে ২(দুই) বছরের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয় মনোনীত করবেন। কমিটির মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, মাননীয় মন্ত্রী উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই যে কোন সময় কোন কারণ না দর্শিয়ে যে কোন বা সকল মনোনীত সদস্যের মনোনয়ন বাতিল করতে পারবেন এবং তাঁরাও মাননীয় মন্ত্রীর উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্র যোগে যে কোন সময় পদত্যাগ করতে পারবেন।

বোর্ড অব ট্রাস্টির কার্যপরিধিঃ

(K) নীতিমালা অনুযায়ী তহবিল পরিচালনা এবং উহার উদ্দেশ্য সাধনে কার্যকরী ব্যবস্থা গ্রহণ;

(L) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন;

(M) তহবিল সংক্রান্ত যাবতীয় বিষয়ে প্রয়োজনে নীতিমালা সংশোধন;

(N) প্রতি বছর তহবিল পরিচালনার জন্য বাজেট প্রণয়ন ও অনুমোদন;

(O) বোর্ড অব ট্রাস্টি প্রতি অর্থ বছরে অন্ততঃপক্ষে ২ (দই) টি সভায় মিলিত হবেন;

(P) সভাপতির অনুমোদনক্রমে ট্রাস্টি বোর্ডের প্রয়োজনে যে কোন সময় জরুরী সভা আহবান করা যাবে।

৫। **নির্বাহী পরিষদঃ**

তহবিলের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের নিয়ে একটি নির্বাহী পরিষদ গঠিত হবেঃ

(১)	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সভাপতি
(২)	যুগ্ম-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(৩)	অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি(যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(৪)	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(৫)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	ঐ
(৬)	মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	ঐ
(৭)	উপ-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য সচিব

নির্বাহী পরিষদের কার্যপরিধিঃ

(K) নীতিমালা অনুযায়ী তহবিল পরিচালনা এবং উহার উদ্দেশ্য সাধনে কার্যকরী ব্যবস্থা গ্রহণ;
(L) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ;
(M) তহবিল সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে নীতিমালা সংশোধনের সুপারিশ প্রদান;
(N) প্রতি বছর তহবিল পরিচালনার জন্য বাজেট প্রণয়ন ও অনুমোদন;
(O) নির্বাহী পরিষদ প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হবেন;
(P) ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৬। **অর্থ সাহায্য মঞ্জুরীর ক্ষমতাঃ**

(K) বোর্ড অব ট্রাস্টি যে কোন অংকের সাহায্য মঞ্জুর করতে পারবে;
(L) জরুরী প্রয়োজনে তাৎক্ষণিকভাবে বোর্ড অব ট্রাস্টির সভাপতি প্রতিটি ক্ষেত্রে সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত সাহায্য প্রদান করতে পারবেন। তবে কোন আর্থিক বছরে এই সাহায্য সর্বমোট ৬.০০ (ছয়) লক্ষ টাকার অধিক হবে না। সভাপতি কর্তৃক প্রদত্ত এই তাৎক্ষনিক ও জরুরী সাহায্য বোর্ড অব ট্রাস্টির পরবর্তী সভায় অনুমোদন করাতে হবে;
(M) নির্বাহী পরিষদ জরুরী প্রয়োজনে তাৎক্ষণিকভাবে প্রতিটি ক্ষেত্রে সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত সাহায্য প্রদান করতে পারবে। তবে কোন আর্থিক বছরে এ সাহায্যের পরিমাণ ৩.০০ লক্ষ টাকার অধিক হবে না। নির্বাহী পরিষদ কর্তৃক ব্যয়িত অর্থ বোর্ড অব ট্রাস্টির পরবর্তী সভায় ভুতাপেক্ষিক অনুমোদন করিয়ে নিতে হবে।

৭। **তহবিল ব্যবস্থাপনাঃ**

মেয়াদ পূর্ণ হওয়ার সংগে এফ.ডি.আর ভাঙ্গানোর পর প্রতি অর্থ বছর অর্থ বিতরণের জন্য নীতিমালা অনুযায়ী লভ্যাংশের ৮০% টাকা STD হিসাব নং- ৫১০০০৮৫৭ তে এবং কর্মচারীদের বেতনসহ অফিস ও আনুষাঙ্গিক খরচ মিটানোর জন্য লভ্যাংশের ১০% টাকা অন্য একটি সঞ্চয়ী হিসাব খুলে স্থানান্তর করতে হবে। লভ্যাংশের অবশিষ্ট ১০% টাকা বিনিয়োগযোগ্য মূলধনের সাথে যোগ হবে।

৮। **তহবিল পরিচালনাঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনার দায়িত্ব পালন করবে। মন্ত্রণালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তা তহবিলের কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। উপ-সচিব (সেল) এবং কোষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে তহবিল পরিচালিত হবে। মন্ত্রণালয় প্রতি অর্থ বছরের শুরুতে তহবিলের আয়-ব্যয়ের হিসাব ট্রাস্টি বোর্ডের নিকট অনুমোদনের জন্য পেশ করবে।

৯। **অর্থ সাহায্যে আবেদন দাখিল ও নিস্পত্তির নিয়মাবলীঃ**

(K) অর্থ সাহায্যের জন্য আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণকে নির্ধারিত ফরমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আবেদন করতে হবে। সিটি কর্পোরেশন এবং পৌরসভার আওতাধীন আবেদনকারীকে আবেদনপত্র যথাক্রমে সংশ্লিষ্ট কর্পোরেশন অথবা পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিবের নিকট দাখিল করতে হবে। এছাড়া আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণ নির্ধারিত ফরমে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে স্থাপিত কেন্দ্রীয় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল, মহিলা বিষয়ক অধিদপ্তরে স্থাপিত নারী নির্যাতন প্রতিরোধ সেল এবং বাংলাদেশ শিশু একাডেমীতে উক্ত তহবিল হতে অনুদানের অর্থ সাহায্যের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবেন।

(L) উপজেলা কমিটি/পৌরসভা কমিটি/সিটি কর্পোরেশন কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী নিস্পত্তি করবে এবং প্রয়োজনীয় সুপারিশসহ তহবিলের সদস্য-সচিব বরাবর মন্ত্রণালয়ে প্রেরণ করবে। নারী নির্যাতন প্রতিরোধ সেল ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে মন্ত্রণালয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবে।

(M) চিকিৎসার জন্য আবেদন করা হলে সে ব্যাপারে ডাক্তারের ব্যবস্থাপত্র প্রদান করতে হবে।

(N) আইনগত সাহায্যের জন্য আবেদন করা হলে সাহায্যের সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

১০। **উপজেলা কমিটিঃ**

(১)	উপজেলা নির্বাহী কর্মকর্তা	সভাপতি
(২)	চেয়ারম্যান কর্তৃক মনোনীত স্থানীয় মহিলা কলেজের অধ্যক্ষ (যে উপজেলায় কোন মহিলা কলেজ নেই সেখানে বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রী)	সদস্য
(৩)	উপজেলার জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান (যদি থাকে)	ঐ
(4)	উপজেলা সদরে পৌরসভা/ইউনিয়ন পরিষদের নির্বাচিত মহিলা সদস্য(একজন) (উপজেলা চেয়ারম্যান/নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)	ঐ
(5)	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।	

উপজেলা কমিটির কার্যপরিধিঃ

(K) উপজেলা কমিটি প্রতি বছর ৩ (তিন) বার সভায় মিলিত হবে এবং সাহায্যের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে সুপারিশসহ নির্বাহী পরিষদের সদস্য-সচিবের নিকট প্রেরণ করবে। তবে জরুরী ক্ষেত্রে কমিটির সভাপতি তাৎক্ষণিকভাবে যে কোন সাহায্যের আবেদন সুপারিশ সহকারে নির্বাহী পরিষদের সদস্য-সচিবের নিকট প্রেরণ করতে পারবেন।

(L) উপজেলা কমিটি পৌর এলাকা বাদে উপজেলার অন্য এলাকার আবেদন বিবেচনা করবে।

১১। **পৌরসভা কমিটিঃ**

(1)	চেয়ারম্যান, পৌরসভা	সভাপতি
(2)	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা (জেলা কমিটি)	সদস্য
(3)	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় কলেজের অধ্যক্ষ (একজন)	ঐ
(4)	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি (একজন)	ঐ
(৫)	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা/জেলা শিশু সংগঠক	ঐ
(৬)	জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (পৌরসভার অবস্থানগত কারণ বিবেচনায় জেলা অথবা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সদস্য সচিব হবেন)।	সদস্য সচিব

পৌরসভা কমিটির কার্যপরিধিঃ

(K) পৌরসভা কমিটি প্রতি বছর ৩ (তিন) বার সভায় মিলিত হবে এবং সাহায্যের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে সুপারিশসহ নির্বাহী পরিষদের সদস্য-সচিবের নিকট প্রেরণ করবে। তবে জরুরী ক্ষেত্রে পৌরসভা কমিটির সভাপতি তাৎক্ষণিকভাবে যে কোন সাহায্যের আবেদন সুপারিশসহকারে নির্বাহী পরিষদের সদস্য-সচিবের নিকট প্রেরণ করতে পারবে।

(L) পৌরসভা কমিটি প্রয়োজনবোধে অনধিক ২জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

১২। **সিটি কর্পোরেশন কমিটিঃ**

(১)	মেয়র অথবা মেয়র কর্তৃক মনোনীত ব্যক্তি	সভাপতি
(২)	মেয়র কর্তৃক মনোনীত মহিলা ওয়ার্ড কমিশনার (একজন)	সদস্য
(৩)	মেয়র কর্তৃক মনোনীত স্থানীয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি (একজন)	ঐ
(৪)	স্বেচ্ছাসেবী শিশু সংগঠনের ১ জন প্রতিনিধি (মেয়র কর্তৃক মনোনীত)	ঐ

(৫) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা/জেলা শিশু সংগঠক ঐ

(৬) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সদস্য সচিব

সিটি কর্পোরেশন কমিটি কার্যপরিধিঃ

(K) উপরোক্ত কমিটি বছরে ৩ (তিন) বার সভায় মিলিত হবে এবং প্রাপ্ত আবেদনপত্রগুলি সাহায্য প্রদানের নীতিমালা অনুযায়ী যাচাই বাছাই করে সুপারিশসহ নির্বাহী পরিষদের সদস্য-সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে জরুরী ক্ষেত্রে সিটি কর্পোরেশ কমিটির সভাপতি তাৎক্ষণিকভাবে যে কোন সাহায্যের আবেদন সুপরিশসহকারে নির্বাহী পরিষদের সদস্য-সচিবের নিকট প্রেরণ করতে পারবেন।

(L) নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল আবেদনপত্রে সিটি কর্পোরেশনের মেয়রের পরিবর্তে সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার/মহিলা ওয়ার্ড কমিশনারগণ স্বাক্ষর করতে পারবেন।

(M) সিটি কর্পোরেশন কমিটি প্রয়োজনে অনধিক ২ জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

১৩। জনবলঃ

তহবিল পরিচালনার কাজে সাহায্য করার জন্য নিম্নবর্ণিত কর্মচারী নিয়োগ করা যাবে। তহবিলের আয় অর্থাৎ অনুচ্ছেদ ৭ এ বর্ণিত লভ্যাংশের ১০% টাকা থেকে তাদের বেতনভাতাদি সরকারী নিয়মে পরিশোধ করা হবেঃ

(ক)	হিসাব সহকারী	১ জন
(খ)	কম্পিউটার অপারেটর	১ জন
(গ)	এম এল এস এস	১ জন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মর্তা তার নিজ দায়িত্বের অতিরিক্ত তহবিলের হিসাবরক্ষণ কর্মকর্তা-কাম-কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করবে।

১৪। যন্ত্রপাতিঃ

তহবিল পরিচালনায় অফিসের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নলিখিত যন্ত্রপাতি সংগ্রহ ও রক্ষণাবেক্ষন করা যাবেঃ

(ক)	লেজার প্রিন্টারসহ কম্পিউটার	১টি
(খ)	ফটোকপিয়ার	১টি
(গ)	ক্যালকুলেটর মেশিন	২টি

(আবু তাহের)
উপ-সচিব (সেল)
ফোনঃ ৭১৬১৫৭৫।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল হতে অনুদান মঞ্জুরীর আবেদনপত্র।

(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করবেন অথবা অন্য কাহার দ্বারা পূরণপূর্বক নিজে স্বাক্ষর/টিপসই দিবেন)।

বরাবর,

....

....

....

ছবি

বিষয়ঃ নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিলের অনুদান মঞ্জুরীর আবেদনপত্র।

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা (স্পষ্টাক্ষরে) ঃ

গ্রাম/মহল্লাঃ ডাকঘরঃ

থানা/উপজেলাঃ জেলাঃ

খ) পিতা ও মাতার নাম ঃ

গ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

ঘ) আবেদনকারীর বয়স ঃ

ঙ) সন্তানের সংখ্যা ও বয়স ঃ

চ) বর্তমান পেশা ঃ

ছ) কি কারণে সাহায্যের প্রয়োজন (প্রমাণপত্রসহ) ঃ

আবেদনকারীর স্বাক্ষর/টিপসই

উপরের তথ্য সত্য। আবেদনকারীকে..................................টাকা সাহায্য প্রদানের জন্য সুপারিশ করা হল।

ইউ.পি চেয়ারম্যান, ওয়ার্ড কমিশনার,
সিটি কর্পোরেশন/পৌরসভা চেয়ারম্যান
এর স্বাক্ষর ও সীল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং মশিবিম/শা-৪/সহায়তা-৫/৯৯-৯০ তারিখঃ ২০-০২-২০০০ইং

প্রেরকঃ মোহসিনা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
বেসামরিক সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ''নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল'' এর জন্য ৫.০০ কোটি (পাঁচ কোটি) টাকা অবমুক্তি প্রসংগে।

মহোদয়,

আমি নির্দেশিত হয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত ''নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল'' এর মূলধন বাবদ ১৯৯৯-২০০০ অর্থ বছরে সামাজিক উন্নয়ন তহবিল খাতের বরাদ্দ ১৫.০০ (পনের) কোটি টাকা হতে ৫.০০ (পাঁচ) কোটি টাকা অবমুক্তির মঞ্জুরী জ্ঞাপন করছি। এ অর্থ ১৯৯৯-২০০০ অর্থ বছরের বাজেটের কোড নং ৩-০৯৩৫-৩৪৮৭-৫৯৬৭ হতে মিটানো হবে।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের পক্ষে মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা উক্ত অর্থ উত্তোলন করে সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকা এর এস.টি.ডি হিসাব নং- ৫১০০০৮৫৭ তে রাখবেন। উক্ত অর্থ লাভজনক বিনিয়োগ করে প্রাপ্ত লভ্যাংশ ''নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল'' এর কমিটির সিদ্ধান্ত, নীতিমালা এবং অন্যান্য বিধি বিধান পালন করে ব্যয় করা হবে।

৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়রে হিসাব রক্ষণ কর্মকর্তা তার নিজ দায়িত্বের অতিরিক্ত এ তহবিলের হিসাবরক্ষণ কর্মকর্তা-কাম-কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

৪। এ মঞ্জুরীতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

আপনার অনুগত,

স্বাঃ

(মোহসিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব

নং মশিবিম/শা-৪/সহায়তা-৫/৯৯-৯০/১ তারিখঃ ২০-২-২০০০ইং

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বেসামরিক সচিবালয, ঢাকা কার্যালয়ে পৃষ্ঠাংকন করবার অনুরোধ জানিয়ে ২টি অনুলিপি সিঃ সহঃ সচিব (বাজেট-২), অর্থ বিভাগ এর নিকট প্রেরণ করা হলো।

স্বাঃ

(মোহসিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব।

নং অম/অবি/বা-২/৩-০৯৩৫-৩৪৮(২৯)/৯৯-৪৬ তারিখঃ ২২-২-২০০০০ ইং

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বেসামরিক সচিবালয়, ঢাকা এর নিকট অনুলিপি প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবুল কালাম)
সিনিয়র সহকারী সচিব(বা-২)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং মশিবিম/শা-৪/সহায়তা-৫/৯৯-৯০/২ তারিখঃ ২০-২-২০০০ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিসাবরক্ষণ কর্মকর্তাদ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিকট অনুলিপি প্রেরণ করা হলো।

(মোহসিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব।

বাঃসঃমুঃ-২০০৪/০৫-২৬৫৭কম-(সি)-১০০ বই, ২০০৪।